

💵 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৯৯

২২/ সাওম [রোযা] (১যা় الصيام)

পরিচ্ছেদঃ ৩৮/ যে ব্যাক্তি আল্লাহ্ তা'আলার উপর দৃঢ় বিশ্বাস রেখে সাপ্তাবের নিয়তে রমযান মাসে তারাবীহর সালাত আদায় করে এবং সাওম পালন করে তার সাওয়াব- এ বিষয়ে যুহরী (রহঃ) থেকে রেপ্তায়াত বর্ণনায় পার্থক্য

باب ثَوَابِ مَنْ قَامَ رَمَضانَ وَصامَهُ إِيمَانًا وَاحْتِسَابًا وَالإِخْتِلاَفِ عَلَى الزُّهْرِيِّ فِي الْخَبَرِ فِي ذَلكَ

আরবী

أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ خَالِد، قَالَ حَدَّثَنَا بِشْرُ بْنُ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ، أَنَّ عَائِشَةَ، أَخْبَرَتْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ مِنْ جَوْفِ اللَّيْلِ فَصِلَّى فِي الْمَسْجِدِ وَسَاقَ الْحَدِيثَ وَقَالَ فِيهِ وَكَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُرَغِّبُهُمْ فِي قِيَامِ رَمَضَانَ مِنْ غَيْرِ أَنْ يَأْمُرَهُمْ بِعَزِيمَةِ أَمْرٍ فِيهِ فَيَقُولُ " مَنْ قَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ ".

বাংলা

২১৯৯। মুহাম্মদ ইবনু খালিদ (রহঃ) ... উরওয়া ইবনু যুবাইর (রহঃ) থেকে বর্ণিত যে, আয়িশা (রাঃ) তাঁকে খবর দিয়েছেন একদা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গভীর রাত্রে বের হয়ে গেলেন এবং মসজিদে সালাত আদায় করলেন। এটি দীর্ঘ হাদীস। রাবী তাতে বলেছেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের ফরযের নির্দেশ দেওয়া ব্যতীতই তারাবীহর সালাতের ব্যাপারে উৎসাহিত করতেন এবং বলতেন, যে ব্যক্তি আল্লাহ তা'আলার উপর দৃঢ় বিশ্বাস রেখে সওয়াবের নিয়তে রম্যানে তারাবীহর সালাত আদায় করে তার পূর্বাপর সমস্ত গুনাহ ক্ষমা করে দেয়া হয়।

English

'Urwah bin Az-Zubair narrated that 'Aishah told him:

"The Messenger of Allah went out in the middle of the night and prayed in the Masjid," and he quoted the same Hadith, in which he said: "nd he encouraged them to pray Qiyam in Ramadan, without insisting on that, and he said: 'Whoever spends the nights of Ramadan in prayer (Qiyam) out of



faith and in the hope of reward, he will be forgiven his previous sins."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন